

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
মিরপুর-২, ঢাকা- ১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৩১.১৭- ৬৮২

তারিখঃ ২০১২/ ১৪২৫।  
০৪/৬/ ২০১৮।

অফিস আদেশ


যেহেতু, জনাব মো: আবুল কালাম, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা শিক্ষা অফিস, নিকলী, কিশোরগঞ্জ, (পূর্ববর্তী কর্মস্থল জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কিশোরগঞ্জ) -এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে ৩য় শ্রেণী / বিমা-১১/১০/নং তারিখ ২২/১১/২০১১ মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৫/১২/২০১০ তারিখে লিখিত জবাব দাখিল করেন। কিন্তু একই অভিযোগে দুর্নীতি দমন কমিশন কর্তৃক মামলা থাকায় বিভাগীয় মামলা স্থগিত করা হয়। পরবর্তীতে মামনীয় জেলা জজ আদালত, কিশোরগঞ্জ তাকে মামলা থেকে অব্যাহতি প্রদান করায় তিনি ১২/৩/২০১৭ তারিখে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগ থেকে অব্যাহতি প্রাপ্তির আবেদন করলে ২২/০১/২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭ (২) (এ) উপবিধি মোতাবেক জনাব মো: আবুল কালাম, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা শিক্ষা অফিস, নিকলী, কিশোরগঞ্জ (পূর্ববর্তী কর্মস্থল জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কিশোরগঞ্জ) কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।




ড.মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি  
মহাপরিচালক  
৩০/১/১৮

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৩১.১৭- ৬৮২/১০

তারিখঃ ২০১২/ ১৪২৫।  
০৪/৬/ ২০১৮।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. সিস্টেম ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৭. উপজেলা শিক্ষা অফিসার, পাকুদিয়া, কিশোরগঞ্জ।
৮. জনাব মো: আবুল কালাম, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা শিক্ষা অফিস, নিকলী, কিশোরগঞ্জ, (পূর্ববর্তী কর্মস্থল জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কিশোরগঞ্জ)।
৯. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সংরক্ষণ নথি।



মোঃ আবুল কাশেম মিয়া  
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)